

উপাচার্যকে আলটিমেটাম, কাল দেখা না দিলে তালা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১০ অক্টোবর ২০১৯, ১২:১৯


আপডেট: ১০ অক্টোবর ২০১৯, ১৩:৩৩



শহীদ মিনারের সামনে কর্মসূচি ঘোষণার পর ক্যাম্পাসে মিছিল করেন শিক্ষার্থীরা। ছবি: আবদুস সালাম


বাংলাদেশ প্রকৌশল বিশ্বিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য সাইফুল ইসলামকে আগামীকাল শুক্রবার বেলা দুইটার মধ্যে শিক্ষার্থীদের মাঝে উপস্থিত হয়ে

জবাবদিহি করার সময় বেঁধে দিয়েছেন শিক্ষার্থীরা। অন্যথায় কাল থেকে বিশ্বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দেবেন বুয়েটের আন্দোলনরত শিক্ষার্থীরা।



শহীদ মিনারের সামনে কর্মসূচি ঘোষণার পর ক্যাম্পাসে মিছিল করেন শিক্ষার্থীরা। ছবি: আবদুস সালাম

আজ বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে বুয়েটের শহীদ মিনার প্রাঙ্গণে শিক্ষার্থীরা উপাচার্যকে এই আলটিমেটাম দেন এবং আবরার হত্যার বিচারসহ তাঁদের ১০ দফা দাবি পুনর্ব্যক্ত করেন। এসব দাবিতে শিক্ষার্থীরা এখন ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করছেন।



শিক্ষার্থীদের ১০ দফা দাবির মধ্যে অন্যতম হলো আবরারের খুনিদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা, সিসিটিভির ভিডিও ফুটেজে শনাক্ত খুনিদের বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিকার করা, বুয়েট ক্যাম্পাসে সাংগঠনিক ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা।



আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার প্রতিবাদে বুয়েটের আন্দোলনরত শিক্ষার্থীরা। বুয়েট, ঢাকা, ১০ অক্টোবর। ছবি: আবদুস সালাম

গত রোববার রাতে শেরেবাংলা হলে আবরারকে পিটিয়ে হত্যা করেন বুয়েট ছাত্রলীগের একদল নেতা-কর্মী। আবরার হত্যার ঘটনায় ১৯ জনকে আসামি করে তাঁর বাবা বরকত উল্লাহ ঢাকার চকবাজার থানায় মামলা করেছেন।